| Name of Newspaper / Electronic Media | : | প্রথম আলো সোমবার, ৫ ফেব্রুয়ারি ২০১৮ |
|---|---|---|
| Date | : | 05/02/2018 |
| Page/Time | : | 6 |

# দেশে ৩০০ ক্যানসার চিকিৎসাকেন্দ্র দরকার

রাজধানী প্রতিবেদক

দেশে প্রয়োজনের তুলনায় ক্যানসার চিকিৎসাকেন্দ্রের সংখ্যা খুবই কম। দেশে বর্তমানে ৩০০ ক্যানসার চিকিৎসাকেন্দ্র প্রয়োজন। ২০৩০ সাল নাগাদ চিকিৎসাকেন্দ্রের চাহিদা ৬০০ হবে। অথচ বিকিরণ চিকিৎসাসুবিধাসহ দেশে চিকিৎসাকেন্দ্র আছে মাত্র ২০ থেকে ২৫টি।

আহ্ছানিয়া মিশন ক্যানসার অ্যান্ড জেনারেল হাসপাতালে গতকাল রোববার 'বিশ্ব ক্যানসার দিবস-২০১৮' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের রেডিয়েশন অনকোলজি বিভাগের প্রধান অধ্যাপক কামরুজ্জামান চৌধুরী এ কথা বলেন।

স্বাগত বক্তব্যে অধ্যাপক কামরুজ্জামান বলেন, দেশের ক্যানসার চিকিৎসাকেন্দ্রের মধ্যে ৯টি সরকারি। এর মধ্যে ৩টি বর্তমানে চালু আছে। তাই সরকার ও জনগণের ক্যানসার চিকিৎসায় অলাভজনক চিকিৎসাকেন্দ্র প্রতিষ্ঠার দিকে মনোযোগী হতে হবে। সারা দেশে যত চিকিৎসাকেন্দ্র আছে তা দিয়ে শুধু ঢাকার মানুষের চিকিৎসা দেওয়া সম্ভব। ক্যানসার চিকিৎসায় প্রচুর টাকা বিদেশে চলে যাচ্ছে।

সারা বিশ্বের মানুষের মাঝে ক্যানসার বিষয়ে সচেতনতা বাড়াতে প্রতিবছর ৪ ফেব্রুয়ারি বিশ্ব ক্যানসার দিবস পালন করা হয়। এবারের দিবসটির প্রতিপাদ্য : 'আমি পারি, আমরা পারি'।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চলচ্চিত্র অভিনেতা ফারুক বলেন, ক্যানসার ভয়াবহ রোগ। ক্যানসার মানে জেগে থেকে নিজের মৃত্যুকে দেখা। তিনি আরও বলেন, 'সাধারণ মানুষ হিসেবে ক্যানসার কীভাবে ভালো করা যায় আমি জানি না। কিন্তু আমার আশপাশের অনেককে দেখেছি ক্যানসারের কারণে মারা যেতে।'

হাসপাতালের ক্লিনিক্যাল অনকোলজির বিভাগীয় প্রধান অধ্যাপক এ এম এম শরীফুল আলম বলেন, বিশ্ব ক্যানসার দিবস মানে ক্যানসারের বিরুদ্ধে 'যুদ্ধ ঘোষণা'। জনসচেতনতা বাড়িয়ে মানুষকে মৃত্যুর হাত থেকে ফিরিয়ে আনাই এই দিবস পালনের মূল লক্ষ্য। ক্যানসার মানেই নিশ্চিত মৃত্যু, এই ধারণা বদলে গেছে মন্তব্য করে তিনি বলেন, ক্যানসার চিকিৎসার অনেক উন্নতি হয়েছে। এর প্রতিরোধ করা সম্ভব হচ্ছে, এর প্রতিকারও আছে। প্রাথমিক পর্যায়ে ক্যানসার নির্ণয় করা গেলে এক-তৃতীয়াংশ ক্যানসার নিরাময়যোগ্য।

আহ্ছানিয়া মিশন ক্যানসার ও জেনারেল হাসপাতালের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অন্যদের মধ্যে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস, অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) উপাচার্য অধ্যাপক আবদুর রউফসহ হাসপাতালটির চিকিৎসক, কর্মকর্তা, কর্মচারী ও আইইউবিএটির শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জানানো হয়, ১০০ শয্যার হাসপাতালটি খুব শিগগির ৫০০ শয্যায় উন্নীত করা হবে। এর মধ্যে ৩০০ শয্যা থাকবে ক্যানসার রোগীদের জন্য।

**Dhaka Ahsania Mission**
House # 19, R # 12, Dhanmondi R/A, Dhaka, Bangladesh
Tel: 58155869, 9127943, 9123402, 9123420
http://www.ahsaniamission.org.bd/

| | | |
|---|---|---|
| **Name of Newspaper / Electronic Media** | : | আলোকিত বাংলাদেশ |
| **Date** | : | 05/02/2018 |
| **Page/Time** | : | 11 and 12 |



বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে রোববার আহ্ছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালে আলোচনা সভায় বক্তব্য রাখেন দেশবরেণ্য চলচ্চিত্র অভিনেতা আকবর হোসেন পাঠান (চিত্রনায়ক ফারুক) ● আলোকিত বাংলাদেশ

### আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে আলোচনা

# কয়েক দশকে মৃত্যুর প্রধান কারণ হবে ক্যান্সার

● নিজস্ব প্রতিবেদক

ক্যান্সার একটি মরণব্যাধি রোগ। শুরুতেই এ রোগ ধরা পড়লে উপযুক্ত চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব। বাংলাদেশে আগামী কয়েক দশকের মধ্যে মানুষের অসুস্থতা ও মৃত্যুর প্রধান কারণ হবে ক্যান্সার। রোববার বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে রাজধানী উত্তরায় আহ্ছানিয়া মিশন ক্যান্সার অ্যান্ড জেনারেল হাসপাতালে (এএমসিজিএইচ) আলোচনা অনুষ্ঠানে এ কথা বলেন বক্তারা।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চলচ্চিত্র অভিনেতা আকবর হোসেন পাঠান (চিত্রনায়ক ফারুক) বলেন, পৃথিবীতে ক্যান্সারের মতো ভয়াবহ রোগ আর আছে কিনা– আমার জানা নেই। আমি আমার আশপাশের অনেক লোককে এ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করতে দেখেছি। আমার বড় ভাইও এ রোগে আক্রান্ত হয়ে মারা গেছেন।

সভাপতির বক্তব্যে ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম বলেন, জনগণের অর্থায়নে তৈরি হয়েছে আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল। এতে যারা সার্বিক সহযোগিতা করেছেন, তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। এটা হওয়ার ফলে আমরা আজকে দেশের ভেতরে একটি মারাত্মক রোগের চিকিৎসার ব্যবস্থা করতে পেরেছি। এখানে গরিব লোক সুলভ মূল্যে চিকিৎসা পায়। এ হাসপাতাল থেকে কোনো রোগী চিকিৎসা ছাড়া ফেরত যায় না। প্রতিটি এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

## কয়েক দশকে মৃত্যুর

● শেষ পৃষ্ঠার পর

রোগীকে তার সামর্থ্য অনুযায়ী ব্যাখ্যা-বিশ্লেষণ করে সহযোগিতা করা হয়।

স্বাগত বক্তব্যে হাসপাতালের ডিরেক্টর মেডিকেল সার্ভিসেস অধ্যাপক ড. কামরুজ্জামান চৌধুরী বলেন, ক্যান্সার মরণব্যাধি রোগ হলেও সচেতনতাই পারে এ রোগের ঝুঁকি কমাতে। এ রোগের উৎপত্তি কখনও ভাগ্যের ওপর নির্ভরশীল নয়। প্রতিদিনের জীবনযাত্রার কিছু পরিবর্তনই ক্যান্সারের ঝুঁকি বহুলাংশে কমাতে সক্ষম। এছাড়া নিয়মিত ক্যান্সার স্ক্রিনিং পারে বহু রোগীর জীবন বাঁচাতে।

তিনি বলেন, ক্যান্সার শুধু দেশের জন্য একটি মরণব্যাধি রোগ নয়, উন্নত বিশ্বের মানুষ এর মরণ ছোবল থেকে রক্ষা পায়নি। এক জরিপে দেখা যায়, ২০৩০ সালের মধ্যে ১৩ মিলিয়ন মানুষ প্রতি বছর এ রোগে মারা যাবে এবং এ হার যদি চলতে থাকে, তাহলে উন্নয়নশীল দেশগুলোয় ২০৫০ সালের মধ্যে প্রতিটি মানুষ তার জীবনে ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি ৫০ থেকে ৬০ শতাংশ থেকে যায়। গ্লোবোকন ২০০৮ এর একটি প্রতিবেদনে প্রকাশিত হয়, বিগত ৫ বছর ধরে দেশে প্রায় ২৯১.২ হাজার মানুষ ক্যান্সার প্রতিরোধ করতে সক্ষম হয়। প্রতি বছর ১৪১.১ হাজার নতুন ক্যান্সার রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয় এবং ১০৩.৩ হাজার মানুষ ক্যান্সারে মারা যায়।

বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে প্রয়োজনীয় কিছু তথ্য তুলে ধরে হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট অধ্যাপক ডা. এএমএম শরীফুল আলম বলেন, আগে ক্যান্সার রোগে আক্রান্ত হওয়া মানে ছিল নিশ্চিত মৃত্যু। কিন্তু বর্তমানে এ রোগের প্রতিরোধ ব্যবস্থা রয়েছে। বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে, প্রতি বছর বিশ্বে এ রোগে ১২ কোটির ও বেশি মানুষ আক্রান্ত হয়। ধারণা করা হচ্ছে, আগামী কয়েক দশকে দেশে এ রোগ মৃত্যুর প্রধান কারণ হবে।

হার্ভার্ড ইউনিভার্সিটির অধ্যাপক ড. জাহিদুল ইসলাম বলেন, ক্যান্সার রোগের সচেতনতা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ সচেতনতা যারা আক্রান্ত শুধু তাদেরই নয়; সবাইকে এ রোগের ব্যাপারে সচেতন হতে হবে। সচেতনতা তৈরি করতে নানা পদক্ষেপ নিতে হবে। এছাড়া আমাদের প্রত্যেককে ধূমপান, অতিরিক্ত চর্বিযুক্ত খাবার এবং এলকোহল থেকে দূরে থাকার চেষ্টা করতে হবে।

ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির ভিসি অধ্যাপক ড. আবদুর রব বলেন, ক্যান্সার একটি মরণব্যাধি রোগ। এ রোগের ব্যাপারে সচেতন হতে হবে। এজন্য বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি অফিসসহ নানা জায়গায় সভা-সেমিনারের আয়োজন করা যেতে পারে।

**Dhal** ... **sion**
House # 19, R # 12, ... gladesh
Tel: 58 ... 123420
... org.bd/

| | | |
|---|---|---|
| **Name of Newspaper / Electronic Media** | : | সমকাল |
| **Date** | : | 05/02/2018 |
| **Page/Time** | : | 5 |

# বিশ্ব ক্যান্সার দিবস পালিত

■ সমকাল প্রতিবেদক

'আমি পারি, আমরা পারি'– এই প্রতিপাদ্য সামনে রেখে পালিত হলো বিশ্ব ক্যান্সার দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও সরকারি-বেসরকারিভাবে দিবসটি পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা দিনব্যাপী আলোচনা সভা, শোভাযাত্রাসহ নানা সচেতনতামূলক কর্মসূচি পালন করে।

রাজধানীর উত্তরায় আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল মিলনায়তনে দিবসটি উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে দিবসটি উপলক্ষে শোভাযাত্রা বের করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক সমাবেশের আয়োজন করা হয়।

ঢাকা ডেন্টাল কলেজেও দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও শোভাযাত্রা হয়। এছাড়া ক্যান্সার সোসাইটি রাজধানীর দারুস সালাম রোডে দিরসটি উপলক্ষে শোভাযাত্রা বের করে।

**Dhaka Ahsania Mission**
House # 19, R # 12, Dhanmondi R/A, Dhaka, Bangladesh
Tel: 58155869, 9127943, 9123402, 9123420
http://www.ahsaniamission.org.bd/

কালবেলা
THE DAILY KALBELA

রেজি নং ডিএ : ৮১৪
বর্ষ : ১৬, সংখ্যা : ২১৭
ঢাকা : সোমবার
৫ ফেব্রুয়ারি ২০১৮
২৩ মাঘ ১৪২৪
১৮ জমাদিউল আউয়াল ১৪৩৯

## বিশ্ব ক্যান্সার দিবসে বিশেষজ্ঞ চিকিৎসকদের বক্তব্য

# ক্যান্সারে ২শ'র বেশি রোগ অন্তর্ভুক্ত




**নিজস্ব প্রতিবেদক:** ক্যান্সার একটি মাত্র রোগ নয়, ২০০-এর বেশি রোগ এর অন্তর্ভুক্ত। এতে মানুষের শরীরের কোষ নিজের সাথে বিদ্রোহ করে এবং অনিয়মতান্ত্রিক ও অনিয়ন্ত্রিতভাবে শরীরের কোন এক স্থানে বাড়তে থাকে এবং মানুষের অজান্তেই ছড়িয়ে পড়ে শরীরের অন্য যেকোনো স্থানে। গতকাল রোববার ৪ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে রাজধানীর উত্তরাস্থ আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা একথা বলেন।

বক্তারা আরো বলেন, এক তৃতীয়াংশ ক্যান্সার প্রতিরোধযোগ্য, এক তৃতীয়াংশ ক্যান্সার নিরাময়যোগ্য যদি ঐ সমস্ত ক্যান্সারের নির্ণয় সূচনায় হয়, এবং এক তৃতীয়াংশ অনিরাময়যোগ্য ক্যান্সার উপযুক্ত চিকিৎসার মাধ্যমে উপশম বা কষ্টমুক্ত স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব।

International Agency for Research on Cancer (IARC) এর বরাত দিয়ে বক্তারা বলেন, ২০০৫ সালে ক্যান্সারের কারণে মৃত্যুর হার ছিল ৭.৫%, আর ২০৩০ সালে এই হার বেড়ে হবে ১৩%। পুরুষের ফুসফুস ও মুখগহ্বরের ক্যান্সারে মৃত্যুর হার সবচেয়ে বেশি। আর মহিলাদের স্তন ও জরায়ু মুখের ক্যান্সারে মৃত্যুর হার বেশি।

অন্যদিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরিসংখ্যান তুলে ধরে বক্তারা বলেন, বাংলাদেশে ক্যান্সারে আক্রান্ত মোট রুগীর সংখ্যা প্রায় ৮-১০ লক্ষ এবং প্রতিবছর আনুমানিক প্রায় ২ লক্ষাধিক লোক নতুন করে ক্যান্সারে আক্রান্ত হয় এবং প্রায় ১.৫ লক্ষাধিক লোক এ রোগে মৃত্যুবরণ করে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চলচ্চিত্র অভিনেতা চিত্রনায়ক ফারুক। সভাপতিত্ব করেন ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম।

বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে তথ্য উপস্থাপন করেন আহ্ছানিয়া মিশন ক্যান্সার ৭ এর পাতায় দেখুন

### ক্যান্সারে ২শ'র বেশি

এন্ড জেনারেল হাসপাতাল (এএমসিজিএইচ)-এর সিনিয়র কন্সালটেন্ট অনকোলজী অধ্যাপক ডা. এ. এম. এ. শরীফুল আলম। স্বাগত বক্তব্য রাখেন এএমসিজিএইচ-এর মেডিকেল সার্ভিসেস-এর পরিচালক অধ্যাপক ডা. কামরুজ্জামান চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন আইইউবিএটি ইউনির্ভাসিটির উপাচার্য্য প্রফেসর ড. আব্দুর রব ও হার্ভার্ড ইউনির্ভাসিটির প্রফেসর ড. জাহিদুল ইসলাম।

| Name of Newspaper / Electronic Media | : | দৈনিক ইনকিলাব |
|---|---|---|
| Date | : | 05/02/2018 |
| Page/Time | : | 3 |

বিশ্ব ক্যান্সার দিবস পালিত

# ক্যান্সারে একটি রোগ নয় ২শ'র বেশি রোগ অন্তর্ভুক্ত

**স্টাফ রিপোর্টার :** ক্যান্সার একটি মাত্র রোগ নয়, ২শ'র বেশি রোগ এর অন্তর্ভুক্ত। এতে মানুষের শরীরের কোষ নিজের সাথে বিদ্রোহ করে এবং নিয়মতান্ত্রিক ও অনিয়ন্ত্রিতভাবে শরীরের কোন এক স্থানে বাড়তে থাকে এবং মানুষের অজান্তেই ছড়িয়ে পড়ে শরীরের অন্য যেকোনো স্থানে।

গতকাল ছিল বিশ্ব ক্যান্সার দিবস। দিবসটি উপলক্ষে রাজধানীর উত্তরাস্থ আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন।

ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চিত্রনায়ক ফারুক। বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে তথ্য উপস্থাপন করেন আহ্ছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল (এএমসিজিএইচ)-এর সিনিয়র কন্সালটেন্ট অনকোলজী প্রফেসর ডা. এ. এম. এ. শরীফুল আলম। স্বাগত বক্তব্য রাখেন এএমসিজিএইচ মেডিকেল সার্ভিসেস'র পরিচালক প্রফেসর ডা. কামরুজ্জামান চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন আইইউবিএটি ইউনির্ভাসিটির ভিসি প্রফেসর ড. আব্দুর রব ও হার্ভার্ড ইউনির্ভাসিটির প্রফেসর ড. জাহিদুল ইসলাম। বক্তারা বলেন, এক তৃতীয়াংশ ক্যান্সার প্রতিরোধযোগ্য। এক তৃতীয়াংশ ক্যান্সার নিরাময়যোগ্য যদি ঐ সমস্ত ক্যান্সারের নির্ণয় সূচনায় হয়। এছাড়া এক তৃতীয়াংশ অনিরাময়যোগ্য ক্যান্সার উপযুক্ত চিকিৎসার মাধ্যমে উপশম বা কষ্টমুক্ত স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব। এদিকে দিবসটি উলক্ষে র‍্যালি ও আলোচনা সভা করেছে ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী বিভাগ। সকাল সাড়ে ৮টায় কলেজের সামনে এ র‍্যালির আয়োজন করা হয়। এতে শিক্ষক চিকিৎসক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। এছাড়া সকাল সাড়ে ৯টায় কলেজ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী বিভাগের প্রধান অধ্যাপক ডা. ইসমত আরা হায়দার সভাপতিত্ব করেন।

**Dhaka Ahsania Mission**
House # 19, R # 12, Dhanmondi R/A, Dhaka, Bangladesh
Tel: 58155869, 9127943, 9123402, 9123420
http://www.ahsaniamission.org.bd/

| | | |
|---|---|---|
| Name of Newspaper / Electronic Media | : | নয়া দিগন্ত |
| Date | : | 05/02/18 |
| Page/Time | : | 15 |

# ক্যান্সার একটি মাত্র রোগ নয় ২০০ রোগের সমন্বয়

ক্যান্সার একটি মাত্র নয়, ২০০'র বেশি রোগের সমন্বয়। এতে মানুষের শরীরের কোষ দেহে অনিয়ন্ত্রিতভাবে বেড়ে ওঠে। মানুষের অজান্তেই শরীরের অন্যান্য স্থানে ছড়িয়ে পড়ে। বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে গতকাল উত্তরায় আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে আয়োজিত অনুষ্ঠানে বিশেষজ্ঞ চিকিৎসকেরা এ তথ্য দেন। তারা বলেন, প্রাথমিকভাবে শনাক্ত হলে এক-তৃতীয়াংশ ক্যান্সার নিরাময় সম্ভব। এ ছাড়া এক-তৃতীয়াংশ অনিরাময়যোগ্য। তবে এটাও উপযুক্ত চিকিৎসার মাধ্যমে কষ্টমুক্ত থাকা যায়। বক্তারা বলেন, ২০০৫ সালে ক্যান্সারের কারণে সাড়ে ৭ শতাংশ মানুষ মারা যায় এবং ২০৩০ সালে এ মৃত্যুর কারণ হবে ১৩ শতাংশ। পুরুষের ফুসফুস ও মুখগহ্বরের ক্যান্সারে বেশি মৃত্যু হচ্ছে। মহিলারা মারা যাচ্ছে স্তন ও জরায়ু ক্যান্সারে।

বাংলাদেশে ৮ থেকে ১০ লাখ মানুষ ক্যান্সারে আক্রান্ত। প্রতি বছর দুই লাখের বেশি নতুন করে আক্রান্ত হয় এবং মারা যায় দেড় লাখের কাছাকাছি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম। প্রধান অতিথি ছিলেন চিত্রনায়ক ফারুক। মূল বক্তব্য প্রদান করেন আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট অধ্যাপক ডা: এ এম এ শরীফুল আলম, আইইউবিএটি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আব্দুর রব, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জাহিদুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন হাসপাতালের মেডিক্যাল সার্ভিসেসের পরিচালক অধ্যাপক ডা: কামরুজ্জামান চৌধুরী। বিজ্ঞপ্তি।

**Dhaka Ahsania Mission**
House # 19, R # 12, Dhanmondi R/A, Dhaka, Bangladesh
Tel: 58155869, 9127943, 9123402, 9123420
http://www.ahsaniamission.org.bd/

এমন চান্স কি বারবার আসে! মাত্র ৫ টা



স্বাস্থ্য সময়

# আহসানিয়া মিশনের ক্যান্সার দিবস পালন

আপডেট

০৪-০২-২০১৮, ১৯:৫৯




রাজধানীর উত্তরায় বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ব ক্যান্সার দিবস পালন করেছে আহ্সানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল। সকালে হাসপাতাল চত্বর থেকে একটি র‌্যালি বের করা হয়। শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে, হাসপাতাল মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন চিত্রনায়ক ফারুক, আহ্সানিয়া মিশন ক্যান্সার হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. কামরুজ্জামান চৌধুরী, চিকিৎসা বিজ্ঞানী প্রফেসর জাহিদ হোসেনসহ আরো অনেকেই। এসময় ক্যান্সার প্রতিরোধে সবাইকে সচেতন হতে আহ্বান জানানো হয়।
রাজধানীর উত্তরায় বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ব ক্যান্সার দিবস পালন করেছে আহ্সানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল।